



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

২৫ মার্চ, জাতীয় গণহত্যা দিবস



২৫ মার্চ, জাতীয় গণহত্যা দিবস উপলক্ষে শহীদদের স্মরণে ২৫ মার্চ-২০১৮, রবিবার, রাত ৯:০১ মিনিটে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সমিতির উদ্যোগে ভাষা শহীদ রফিক ভবন চত্বরে এক মিনিটের জন্য বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস অন্ধকারাচ্ছন্ন করা হয়। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর নেতৃত্বে মোমবাতি প্রজ্জ্বলন করা হয়। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক, সাংবাদিক সমিতি, শিক্ষার্থী, ও কর্মচারীবৃন্দ।